তারিখ 18 MAR 2015
পৃষ্ঠা ৬ কলাম ৪

### সিরাজগঞ্জের নার্সিং ইনস্টিটিউট

# শিক্ষার্থীরা পরীক্ষা দিতে পারেননি

■ সিরাজগঞ্জ প্রতিনিধি

সিরাজগঞ্জে সাফা-মক্কা ডিপ্লোমা নার্সিং ইনস্টিটিউটের অধ্যক্ষ, ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও অফিস সহকারী কাম হিসাবরক্ষকের স্বেচ্ছাচারিতার কারণে সোমবার দ্বিতীয় বর্ষের তৃতীয় সেমিস্টারের ইংরেজি মিডটার্ম পরীক্ষায় অংশ নিতে পারেননি কয়েকজন শিক্ষার্থী। শিক্ষার্থীরা সোমবার ও মঙ্গলবার বিক্ষোভ করেন। প্রতিষ্ঠানের অধ্যক্ষ রাসিদা খাতুন বলেন, কমিটির চাপে পড়ে শিক্ষার্থীদের পরীক্ষা বন্ধ করা ঠিক হয়নি। প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক আইহসান কবীর এসব প্রসঙ্গে বলেন, শিক্ষার্থী ভর্তির অনুমতি পাওয়ার পর চেয়ারম্যান মিজানুর রহমান (বর্তমানে বিদেশ রয়েছেন) প্রতারণা করে আমার পদটি ছিনিয়ে নিয়ে আমাকে বের করে দিয়েছেন। ভারপ্রাপ্ত চেয়ারম্যান গোলাম রব্বানী বলেন, নতুন প্রতিষ্ঠান, তাই সবকিছু পরিপূর্ণভাবে পাওয়া সম্ভব নয়।